

## সহজ উপায়ে ধানের ভালো বীজ উৎপাদন

খোল পঁচা আক্রান্ত শিষের বেশিরভাগ ধান বিবর্ণ ও চিটা হয়ে যায় এবং আক্রান্ত কুশির সবচেয়ে উপরের খোলে কালো দাগ হয় (ছবি ৪)।

লক্ষিণ ও খোল পঁচা আক্রান্ত শিষ বেছে



ছবি ৪৪ খোল পঁচা

না ফেললে মাড়াইয়ের সময় আক্রান্ত ধান বীজধানের সাথে মিশ্রিত হয়ে যায় এবং এসব আক্রান্ত ধানে যে রোগ জীবাণু থাকে তা বীজের সাথে আবার জমিতে যায় এবং ফসলে রোগ সৃষ্টি করে। এতে

## সহজ উপায়ে ধানের ভালো বীজ উৎপাদন

ফসলের অনেক ক্ষতি হয়। একইভাবে অন্যান্য জাতের মিশ্রণ বা আগাছার বীজ মিশে বীজের মান অনেক কমিয়ে দেয়। তাই এগুলো রগিং করা খুবই জরুরী।

### বীজধান কাটা ও মাড়াই

শতকরা আশিভাগ ধান পাকার পর বীজের জন্য নির্বাচিত অংশটি আলাদাভাবে কেটে আলাদাভাবে মাড়াই করতে হবে। বীজ ধান মাড়াইয়ের সবচেয়ে ভালো উপায় হলো ধানের আটির এপিঠ ওপিঠ দু'টি মাঝারি জোড়ে বারি দিয়ে বীজ মাড়াই করা। এতে শুধুমাত্র পুষ্ট বীজগুলো মাড়াই হবে ফলে বীজধান পরিস্কার করা সহজ হবে। এরপর বীজধান ভালো করে শুকিয়ে পরিস্কার করে নিয়ম মতো সংরক্ষণ করতে হবে।

সহজ ও সম্প্রদায়  
৩৪ এম এ বাসের মিয়া, প্রাইম শ্যাখলি নিয়াজ  
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর  
এ কে এম জাকারিয়া, উপ-পরিচালক, আর ডি এ, বরগা

### প্রচার ও প্রকাশনা

ড্রি, আর ডি এ, ব্রাদার, ডি কে এক, প্রিন্সিপাল, কেয়ার এবং ওয়েব ডেভেলপমেন্ট

### সহযোগীতা

শেটা, ইরি

বাড়ি ৩৬, সড়ক ২৩, ব্রড জে, বনানী, ঢাকা ১২১৩

ফোনঃ ৮৮১৭৬০৯-৪০ ফ্যাক্সঃ ৮৮০-২-৮৮২৭২১৩

ই-মেইলঃ petra@bdonline.com ওয়েব সাইটঃ www.petra-iri.org

### প্রকাশনা

জুলাই ২০০৪

## সহজ উপায়ে ধানের ভাল বীজ উৎপাদন



রাইস সীড হেলথ ইমপ্রভমেন্ট, সাব-প্রজেক্ট



## সহজ উপায়ে ধানের ভালো বীজ উৎপাদন

ভালো ও উন্নতমানের বীজের জন্য চাষী ভাইদের কারো দ্বারস্ত- হওয়ার প্রয়োজন নেই। একটু চেষ্টা করলে নিজেই ভালোবীজ উৎপাদন করতে পারেন। আপনার নিজস্ব ধানের জমি থেকে আগামী মৌসুমে আপনার বীজের চাহিদা অনুযায়ী জমি নির্বাচন করুন। নির্বাচন কাজটি ধানের কুশি অবস্থায় করতে হবে।

### বীজের জমি নির্বাচন -

- বীজের জন্য নির্বাচিত জমিটি মোটামুটি রোগমুক্ত হতে হবে।



ছবি ১ঃ বীজের অংশটি পতাকা চিহ্নিত করা হয়েছে

- চারদিকে চারটি খুঁটি দিয়ে বীজের জমিটি চিহ্নিত করুন (ছবি ১)।
- নির্বাচিত অংশটি ছায়ামুক্ত হতে হবে এবং জমিটি হবে মোটামুটি সমতল।

## সহজ উপায়ে ধানের ভালো বীজ উৎপাদন

- বীজের জমির কোন পাশে যদি অন্য জাতের ধান থাকে তবে সেপাশ থেকে নির্বাচিত জমির অংশটি ৫/৬ হাত দূরে হতে হবে।

### বীজের জমির পরিচর্যা -

বীজের জমিতে অতিরিক্ত যে কাজটুকু করতে হয় তা হলো নির্বাচিত অংশ রগিং করা। বীজের জমিটি কমপক্ষে তিনবার রগিং করতে হবে।



ছবি ২ঃ বীজের জমি রগিং (বাছাই) করা হচ্ছে

- সর্বোচ্চ কুশি অবস্থায় একবার
- ধানের দুধ অবস্থায় দ্বিতীয়বার এবং
- ধান কাটার ৭/৮ দিন আগে শেষবার রগিং করুন (ছবি ২)।

## সহজ উপায়ে ধানের ভালো বীজ উৎপাদন

### রগিং কি?

বীজের জমি থেকে সকল ধরনের বিজাত, আগাছা, খোল পঁচা ও লক্ষিগু আক্রান্ত শিষ বেছে ফেলাকে রগিং বলা হয়। রগিংকে বাছাই করাও বলা যেতে পারে।

লক্ষিগু আক্রান্ত শিষে এক বা একাধিক ধান আক্রান্ত হয় এবং ধানটি হলুদ বলের মতো আকার ধারণ করে, অনেক সময় রংটি সবুজাভও হতে পারে (ছবি ৩)।



ছবি ৩ঃ লক্ষিগু